৩৬

দৈনিক ইত্তেফাক

তারিখ 22 JAN 1995
পৃষ্ঠা ১ কলাম ৫

# মাদ্রাসা বোর্ডের ফল প্রকাশ ॥ পাসের হার ৬৩.৮৭

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ গতকাল শনিবার বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ১৯৯৪ সালের আলিম, ফাজিল ও কামিল পরীক্ষার ফলাফল প্রকাশিত হইয়াছে। আলিম সাধারণ, বিজ্ঞান ও মুজাব্বিদ-ই-মাহির এই তিনটি গ্রুপে ২ হাজার ৪ শত ৬২ জন ছাত্রীসহ সর্বমোট ২৯ হাজার ৫ শত ৩২ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ

(২য় পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## মাদ্রাসা বোর্ড

(১ম পৃঃ পর)

করে। ইহাদের মধ্যে ১ হাজার ১ শত ১ জন প্রথম, ৮ হাজার ১ শত ৮০ জন দ্বিতীয় এবং ৯ হাজার ৫ শত ৮২ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে। পাসের হার ৬৩ দশমিক ৮৭ ভাগ।

ফাজিল পরীক্ষায় ৫ শত ২৩ জন ছাত্রীসহ সর্বমোট ১৫ হাজার ৭ শত ৪৩ জন অংশগ্রহণ করে। ইহাদের মধ্যে ২ শত ৩৭ জন প্রথম, ৫ হাজার ২ শত ৬৪ জন দ্বিতীয় এবং ৫ হাজার ১ শত ২ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে। পাসের হার ৬৭ দশমিক ৫৪ ভাগ।

কামিল, হাদিস, ফিকাহ, তাফসীর ও আদব এই চার বিভাগে ৮৩ জন ছাত্রীসহ সর্বমোট ৮ হাজার ৫ শত ৮৩ জন পরীক্ষায় অংশগ্রহণ করে। ইহার মধ্যে ৫ শত ৮২ জন প্রথম, ৫ হাজার ৫ শত ৮৩ জন দ্বিতীয় এবং ১ হাজার ১শত ৫২ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে। পাসের হার ৮৫ দশমিক ২৫ ভাগ।